

ফাতওয়া নম্বর: ২০৮

প্রকাশকাল: ০৪-১১-২০২১ ইং

ব্যাংক থেকে কোনো সেবা নিয়ে তার বিনিময়ে যে চার্জ দেয়া হয় তা কি সুদ হবে?

প্রশ্ন:

ব্যাংকে টাকা জমা রাখতে কিংবা কোথাও টাকা পাঠাতে ব্যাংককে মাসিক বা বাৎসরিক যে চার্জ দিতে হয় তা কি সুদ হবে? একইভাবে দীর্ঘদিনের জন্য কিংবা কিছু দিনের জন্য ব্যাংকে টাকা জমা রাখলে, ব্যাংক কখনো কিছু টাকা লাভ দেয়। কখনো কিছু টাকা কেটে নেয়। আমার প্রশ্ন হল, ব্যাংক আমাকে যে লাভ দেয় তা যে সুদ ও হারাম, তা তো জানি কিন্তু ব্যাংক আমার কাছ থেকে যে টাকা কেটে নেয়, তাও কি সুদ ও হারাম?

প্রশ্নকারী- মুহাম্মাদ মিনহাজ

উত্তর:

ব্যাংকে টাকা রাখা বাবদ বা ব্যাংকের মাধ্যমে টাকা পাঠানো বাবদ ব্যাংক যে চার্জ গ্রহণ করে, তা মূলত তাদের সার্ভিস চার্জ। অর্থাৎ ব্যাংক আপনাকে যে সেবা দিচ্ছে, তার বিনিময়। যা ব্যাংকের জন্য গ্রহণ করাও বৈধ এবং দাতার জন্য প্রদান করাও বৈধ। তা সুদের অন্তর্ভুক্ত নয়। -
ফাতওয়া হিন্দিয়া: ৪/৩৪২; মাজাল্লাতু মাজমাইল ফিকহিল ইসলামি:
৪/৫২০

فقط والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহ)

০৮-০৩-১৪৪৩ হি.

১৬-১০-২০২১ ই.

